


Date: 03.03.2017

Enclosed is the news item appearing in 'Pratidin' a Bengali daily dated 03.03.2017, captioned 'মৃত মহিলার পাশে প্রতিবন্ধী সম্মিলনী'


The Chief Medical Officer of Health, North 24-Parganas is directed to file a report fixing responsibility of the concerned staff and doctors by 7th April, 2017.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

DD

Encl: News Item Dt. 03.03.17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and to send a copy of the order to concerned news paper.

r. kabe

মৃত মহিলার পাশে প্রতিবন্ধী সম্মিলনী

স্টাফ রিপোর্টার, বারাসত :
অশোকনগরে প্রতিবন্ধী মহিলার
মৃত্যুর ঘটনায় পরিবারের পাশে
দাঁড়াল পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী
সম্মিলনীর সদস্যরা। বৃহস্পতিবার
মৃতের পরিবারের সঙ্গে দেখা করতে
যান সংগঠনের রাজ্য সম্পাদক তথা
প্রজন মন্ত্রী কান্তি গঙ্গোপাধ্যায়।
বুধবার ভোররাতে বুকে ব্যথা ও
শ্বাসষ্টজনিত রোগে আক্রান্ত হলে
অশোকনগর হাসপাতালে নিয়ে
আসা হয় জনকলাণ পল্লির বাসিন্দা
কামনা দাসকে।

পরিবারের অভিযোগ, কর্তব্যরত
চিকিৎসক অনুপম মিত্র রোগীকে
ভর্তি না নিয়ে বাড়ি ফিরিয়ে দেন।
এবং কয়েক ঘণ্টা পর মৃত্যু হয়
তঁার। ওই চিকিৎসক ও নার্সের
বিরুদ্ধে হাসপাতালের সুপারের
চিকিৎসায় গাফিলতির অভিযোগ
জানিয়েছেন কামনাদেবীর
পরিবারের লোকেরা। এদিন কান্তি
গঙ্গোপাধ্যায় তঁার পরিবারের সঙ্গে
দেখা করে অভিযুক্ত চিকিৎসক ও
নার্সের বিরুদ্ধে আইনি লড়াইয়ে

পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন।
কান্তিবাবু জানিয়েছেন, অভিযুক্ত
চিকিৎসক ও নার্সের শাস্তির জন্য
মৃতের পরিবারকে সব রকম
সাহায্য করা হবে। এছাড়া এই
ঘটনার নিরপেক্ষ তদন্তেরও দাবি
করেছেন তিনি।

এদিন এই সংগঠনের তরফ
থেকে মৃতের শেষকৃত্য সম্পন্ন
করার জন্য দশ হাজার টাকার
আর্থিক সাহায্যও দেওয়া হয়।
ঘটনার পর অভিযুক্ত চিকিৎসকের
বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ
দিয়েছিলেন জেলার মুখ্যস্বাস্থ্য
আধিকারিক প্রলয় আচার্য। এদিন
হাসপাতালের তরফ থেকে একটি
রিপোর্ট দেওয়া হয়। যদিও রিপোর্টে
গাফিলতির প্রামাণ পাওয়া গিয়েছে
কি না তা স্বীকার করেননি তিনি।
প্রলয়বাবু বলেন, “রিপোর্টটি স্বাস্থ্য
দফতরে পাঠিয়ে দেওয়া হয়েছে।
জেলা স্তরে তদন্ত এখনও চলছে।”
সবদিক খতিয়ে দেখে প্রয়োজনীয়
ব্যবস্থা নেওয়া হবে বলে
জানিয়েছেন প্রলয়বাবু।